

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-07-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Governor - Homoeopathic conference :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল হায়দ্রাবাদে দেব হোমিওপ্যাথি মেডিকেল কলেজ এন্ড হসপিটাল আয়োজিত আরোহন ২০২৪ হোমিওপ্যাথি জাতীয় কনফারেন্সে এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাজ্যপাল বলেন চিকিৎসা বিজ্ঞানে হোমিওপ্যাথির অনন্য ভূমিকা রয়েছে। তিনি বলেন পার্শ্বপ্রতিক্রিয়া না থাকায় মানুষের কাছে তা গ্রহণযোগ্য হয়ে উঠেছে। শ্রী নাল্লু বলেন হোমিওপ্যাথি শিশু থেকে শুরু করে বয়স্ক লোকদের জন্য উপকারী। তিনি হোমিওপ্যাথি চিকিৎসকদের মানুষকে পরিষেবা প্রদানে এগিয়ে আসতে আহ্বান জানান। অনুষ্ঠানে দেব হোমিওপ্যাথি মেডিকেল কলেজ এন্ড হসপিটালের অধ্যক্ষ ডি রামিড্ডি গুরু, বিশিষ্ট চিকিৎসক এল কে নন্দা সহ অন্যান্য বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন

Re-Chariot Fest.

আজ জগন্নাথ দেবের পুন: রথযাত্রা উৎসব। যা উল্টোরথ নামে বিশেষ পরিচিত। উল্টোরথের মধ্যে দিয়েই শেষ হবে নয় দিন ব্যাপি রথযাত্রা উৎসব। এই উপলক্ষে আজ বিকেল ৪ টেয় আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে ভগবান জগন্নাথ, বলভদ্র

ও দেবী শুভদ্রা কে নিয়ে একটি রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জগন্নাথ জিউ মন্দিরে ফিরে যাবে। ইসকন আগরতলা শাখার পক্ষ থেকেও তিনটি সুসজ্জিত রথ আগরতলা পূর্বাশা প্রাঙ্গন থেকে বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে।

Panchayat election meeting:

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল কৃষ্ণপুর মন্ডল কার্যালয়ে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে বিজেপি মনোনীত সকল প্রার্থীদের নিয়ে বিভিন্ন নির্বাচনী বিষয় এবং প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। তাছাড়া কার্যকর্তাদের মানুষের কাছে গিয়ে তাদের সমস্যা সমাধানের বিষয়টির উপরে গুরুত্ব দেওয়া হয়।

Kharchi Puja :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল পুরাতন আগরতলা স্থিত চতুর্দশ মন্দির প্রাঙ্গনে ৭দিন ব্যাপী খার্চি উৎসব ও প্রদর্শনীর উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন এই উৎসবে জাতি জনজাতি নির্বিশেষে সকল অংশের মানুষের মেলবন্ধন ঘটে। তিনি বলেন এবারের খার্চি উৎসব ও প্রদর্শনীর মূল ভাবনা হচ্ছে সবুজই ভবিষ্যৎ যা খুবই তাৎপর্যপূর্ণ ও প্রাসঙ্গিক। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

BJP Press Meet :

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য গতকাল প্রার্থী তালিকা ঘোষণা করেছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তালিকা ঘোষণা করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। এর মধ্যে জিলা পরিষদের ১১৬টি আসনে, পঞ্চায়েত সমিতির ৩৫টি আসনে ও গ্রাম পঞ্চায়েতের ৬০৫টি আসনে ৬হাজার ২৭০জন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে। শ্রী চৌধুরী জানান আগামীকাল থেকে শুরু হবে মনোনয়ন পত্র দাখিল প্রক্রিয়া। উল্লেখ্য সম্প্রতি দলের বর্ধিত কার্যকরনি বৈঠকে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয় বলে জানান শ্রী চৌধুরী। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক অমিত রক্ষিত ও মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

Amit Shah:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল ইন্দোরে 'এক পেড় মা কে নাম' কর্মসূচীর সূচনা করেছেন। এক দিনে ১১ লক্ষ গাছ লাগিয়ে ইন্দোর বিশ্ব রেকর্ড করেছে। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, ইন্দোর পরিচ্ছন্ন শহরের পাশাপাশি সবুজ শহর হয়ে উঠেছে। শ্রী শাহ বলেন, ২০২৫ সালের মধ্যে দেশে পেট্রোলে ২০ শতাংশ ইথানল যুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি বলেন, সরকার জলবায়ু পরিবর্তন তহবিল চালু করেছে।

Tree plantation:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক পেড় মা কি নাম আহ্বানে সারা দিয়ে বৈশ্য কপালি সমাজ কল্যাণ সমিতি গতকাল গোকুলনগর তপবন আশ্রমে বনমহোৎসব পালন করে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়িকা অন্তরা সরকার দেব, তপোবন আশ্রমের মহারাজ স্বামী সচ্চিদানন্দ পুরী, সমাজসেবী সুবীর চৌধুরী সংগঠনের সাধারণ সম্পাদক প্রদীপ কুমার ভৌমিক সহ অন্যান্যরা। উল্লেখ্য সমিতির পক্ষ থেকে ৫ হাজার চারা গাছ লাগানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

Opening stall of for legal advice:

খার্চি পূজায় দর্শনার্থীদের আইনি উপদেশ দিতে স্টল খুলেছে পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ। গতকাল চৌদ্দ দেবতার মন্দির প্রাঙ্গনে এই স্টলের উদ্বোধন করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়া। সাতদিন এই স্টল খোলা থাকবে বলে জানান আইনি স্বেচ্ছাসেবক রাজীব পাল। স্টলে আইনজীবী এবং আইনি স্বেচ্ছাসেবকরা উপস্থিত থাকবেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

Third Division League:

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় গ্রুপ লিগে টানা ছয়টি ম্যাচ জিতে সরোজ সংঘ আগামী মরশুমে দ্বিতীয় ডিভিশনে খেলার ছাড়পত্র পেয়েছে। গতকাল উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ২-০ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে। ফলে ১৮ পয়েন্ট নিয়ে একম্যাচ বাকী থাকতেই গ্রুপের সেরা হয়ে ফাইন্যালে খেলার ছাড়পত্র পায় সরোজ সংঘ।

Weather .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়,,আকাশ সাধারণত মেঘলা থাকবে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ডিগ্রির কাছাকাছি। উত্তরজেলা, ঊনকোটি ও ধলাই জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে।
